মেয়ের আবদার মেটাতে বাড়িতে এসে নির্বাচনে দুষ্কৃতীর গুলিতে খুন বাবা

নিজস্ব সংবাদদাতা, নন্দীগ্রাম : পূর্ব মেদিনীপুর জেলার নন্দীগ্রাম ২ নম্বর ব্লকের গোপালপুরের বাসিন্দা অপু মান্না পেশায় নির্মাণকর্মী। ভিন রাজ্যে কাজ করতেন মেয়ের জন্মদিন পালন আর ভোট দিতে ছুটি নিয়ে তাই বাড়ির ফিরেছিলেন। আজ বুধবার জন্মদিন ছিল তাঁর আট বছরের মেয়ে অপরাজিতার। বাড়িতে নুন আন্তে পান্তা ফুরনো দশা। তবু মেয়ের আবদার ফেরাতে পারেনি পেশায় নির্মাণকর্মী অপু মান্না। সেই আবদার মেটাতে এসে তা চিরতরে ঘুমিয়ে যেতে হবে ভাবতে পারেননি তিনি। সোমবার ভোটের দিন গোপালপুর পশ্চিমপল্লি প্রাথমিক বিদ্যালয়ের ৩৩ নম্বর বুথে বন্ধুদের সঙ্গে ভোট দিতে গিয়েছিলেন অপু। এই বুথে মূলত লড়াই নির্দল প্রার্থী মানসকুমার ঘোষের সঙ্গে তৃণমূল প্রার্থী রণজিৎ মাইতির। এলাকায় অপুকে সিপিএম সমর্থক বলেই জানতেন সবাই। তবে স্থানীয়দের বক্তব্য, শান্ত স্বভাবের অপু কোনও দিনই সক্রিয় রাজনীতির সঙ্গে যুক্ত ছিলেন না। প্রত্যক্ষদর্শীদের দাবি, ভোটের লাইনে দাঁড়িয়ে অপু দেখেন, দুষ্কৃতীরা বাইকে করে এসে ভোট কেন্দ্র ঢুকে ব্যালট লুঠ করে নিয়ে যাচ্ছে। পাশাপাশি গুলি ও বোমাবাজি করছে তারা। অপু এবং তাঁর সঙ্গীরা বাধা দিতে গেলে গুলি চালায় দুষ্কৃতীরা। গুলিতে ঘটনাস্থলেই মৃত্যু হয় অপু মান্না ও যোগেশ্বর ঘোষ নামে আরও এক ভোটারের। বন্ধ হয়ে যায় ভোটগ্রহণ। বাবার মৃত্যুর খবর পেয়েই অসুস্থ হয়ে পড়ে ছোট অপরাজিতা। তাকে ভর্তি করতে হয় স্থানীয় হাসপাতালে।

মঙ্গলবার অপুর দেহ ফেরে বাড়িতে। জন্মদিনের কেকের বদলে বাড়িতে বাবার মৃতদেহ আসবে, হাসপাতালে শুয়েও তা কিছুতেই মেনে নিতে পারছে না ছোট অপরাজিতা। তার একটা আবদার মেটাতে বাড়িতে ছুটে এসে দুষ্কৃতীদের হাতে বাবার চির বিদায়ের ঘটনায় অনেকটাই পাথরের মতো দশা ছোট অপরাজিতার।

সুডোকু মেলাও — বুদ্ধি বাড়াও

	1	5			6		7	4
					3	9		
		9	1					6
5		1				8		7
			6	3	7			
6		7				3		9
8					5	6		
		6	8					
1	9		3			7	8	

গতকালের সমাধান

8	4	6	2	5	7	9	3	1
3	5	2	4	1	9	6	8	7
1	9	7	8	6	3	4	5	2
4	2	1	7	3	5	8	9	6
9	3	8	1	4	6	2	7	5
7	6	5	9	2	8	1	4	3
6	7	4	5	9	1	3	2	8
5	1	9	3	8	2	7	6	4
2	8	3	6	7	4	5	1	9

আবহাওয়া

পূর্বাভাস: বুধবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ৩৫ ডিগ্রি ও ২৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। **তাপমাত্রা:** মঙ্গলবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ৩৪ ডিগ্রি ও ২৬ ডিগ্রি সেলসিয়াস। **আপেক্ষিক আর্দ্রতা:** সর্বাধিক ৭২ শতাংশ। **সূর্যোদয়:** ঘ ৪।৫৬, **সূর্যাস্ত:** ঘ ৬:১০**জোয়ার**:দুপুর২:১১। **ভাঁটা:** সকাল: ৯:১৯।

— সমাধানের নিয়ম —

এমন ভাবে শূন্য ঘরগুলো পূরণ করতে হবে যেন প্রতিটি সারিতে ও প্রতিটি কলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে।

সোনা-রুপোর বাজার দর

	টাকা
পাকা সোনা (১০ গ্রাম):	৩১,৮৮০
গহনা সোনা (১০ গ্রাম):	৩০,২৫৫
হলমার্কগহনা: (২২ ক্যারেট ১০ গ্রাম):	৩০,৫০০
রুপোর বাট (প্রতি কেজি):	৪১,১০০
খুচরো রুপো (প্রতি কেজি):	৪১,২০০

সৌজন্যে: পশ্চিমবঙ্গ বুলিয়ান মার্চেন্টস অ্যান্ড জুয়েলার্স অ্যাসোসিয়েশন বাজার দর (মূল্যযুক্ত কর আলাদা)।

মুদ্রা বিনিময় হার

RBI REFERENCE RATE

INR / 1 USD	67.5288
INR / 1 Euro	80.5281
INR / 100 Jap. YEN	61.4400
INR /1 Pound Sterling	91.4880

শেয়ারসূচক

BSE	35,543.94	▼ (-12.77)
NIFTY	10,801.85	▼ (-4.75)

শব্দলিপি- ১১৯৩



[illegible]

পাশাপাশি ॥ [illegible]

উপর-নীচ ॥ [illegible]

সমাধান ॥ শব্দলিপি - ১১৯২

পাশাপাশি ॥ [illegible]

উপর-নীচ ॥ [illegible]

রাজ্যে যখন শাসক-বিরোধী হানাহানি তখন হাওড়ার মাকড়দহে সহাবস্থান সব পার্টির

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : রাজ্যের পঞ্চায়েত ভোট নিয়ে হানাহানি শুধু আজকের নয়। গত একমাস ধরেই শাসক-বিরোধী নির্দল প্রার্থীদের কাজিয়া আজ খবরের শিরোনামে। বিরোধীদের অভিযোগ আর পাল্টা অভিযোগে সরগরম রাজ্য রাজনীতি। ঠিক সেই জায়গায় দাঁড়িয়ে ১৪ মে সোমবার ২০১৮ পঞ্চায়েত ভোটের দিন হাওড়ার মাকড়দহে একটু ভিন্ন চিত্রই দেখা গেল। যেখানে বিরোধীরা এজেন্ট দিতে পারছে না, ক্যাম্প করতে পারছেনা। রাজ্যের নানা প্রান্তে এমন ভুরি ভুরি ঘটনাকে দুরে সরিয়ে হাওড়ার মারড়দহ একনম্বর গ্রাম পঞ্চায়েতের মালিকাপাড়া চাঁপাতলাতে একই সঙ্গে পাশপাশি সবদলের ক্যাম্পর আর্থিক লিপি প্রতিনিধি সেখানে গিয়ে সন্ধু দর্শন লক্ষ্য করলেন। পাশাপাশি তৃণমূল কংগ্রেস, সিপিএম, নির্দল প্রার্থী এবং বিজেপি ক্যাম্প অবস্থিত। বিক্ষিপ্ত অশান্তির পরিবেশ এই এক টুকরো সহাবস্থান মুগ্ধ করল সমস্ত ভোটারদের। আর্থিক লিপির প্রতিনিধি এখানে সব ক্যাম্পের সহ কর্মীদের সঙ্গে কথা বলে জানতে পারলেন, এখানে বিবাদ নেই, ঐক্যবদ্ধ ভাবেই তাঁরা সমস্ত ভোটারদের সাহায্য করছেন। তৃণমূল ক্যাম্পের প্রভাত মালিক জানান, এখানে ঝামেলা হয় না। ভোটের সময় ও ভোটের সময় ছাড়া সবাই সবার সমস্যায় ছুটে যায়।

সিপিএম ক্যাম্পের বর্ষীয়ান নেতা সনাতন ভট্টাচার্য জানান, আমরা সবাইকে নিয়ে চলি। আমি সিনিয়র বলে সব দলের কর্মীরাই আমাকে সম্মান করে। আম চিহ্নে নির্দল প্রার্থী হয়ে এখানে দাঁড়িয়েছেন হাফিজা বেগম, তাদের সমর্থক লাল্টু জানান, ভোট মানুষের গণতান্ত্রিক অধিকার। তাই ঝামেলা করে কি হবে। সেই একই জায়গায় ক্যাম্প বিজেপিরও তাদের সমর্থক প্রভাত কুমার সামন্ত জানান, এখানে কোনও অন্তর্দ্বন্দ্ব নেই।

হিন্দু-মুসলমানের কোনও ভেদাভেদও নেই। এখানকার সিপিএম প্রার্থী ভারতী দাস আর্থিক লিপির প্রতিনিধিকে এখাক্তে জানান, আমাদের মধ্যে মিল আছে বলেই সবদলের ক্যাম্প পাশাপাশি। আমাদের উদ্দেশ্যই মানুষের পাশে থাকা। সে যে পার্টির হোক না কেন।

ভোট শেষ হতেই ফের উত্তপ্ত বাসন্তী

নিজস্ব সংবাদদাতা, বাসন্তী: ভোট পরবর্তী হিংসার জেরে উত্তপ্ত বাসন্তী। সোমবার ভোট চলাকালীন বাসন্তীর একাধিক এলাকায় উত্তেজনার ছবি ধরা পড়েছিল। ভোট শেষ হওয়ার পরও তার কোনও পরিবর্তন হয়নি। সোমবার রাতে দুই তৃণমূল কর্মীকে কুপিয়ে খুনের চেষ্টার অভিযোগ উঠেছে নির্দল প্রার্থীর সমর্থকদের বিরুদ্ধে। আহত সাদ্দাম মোল্লা ও আসমদ মোল্লাকে কলকাতার চিত্তরঞ্জন হাসপাতালে ভর্তি করা হয়েছে। ঘটনাটি বাসন্তীর কাথিপাড়ার। সোমবার রাতে সাদ্দাম ও আসমদ রাস্তায় ঘুরছিলেন। অভিযোগ, সেই সময় নির্দল প্রার্থীর বেশ কয়েকজন সমর্থক বাঁশ, লোহার রড, দা নিয়ে তাঁদের উপর হামলা চালায়। তাঁদের কুপিয়ে খুনের চেষ্টা করে বলে অভিযোগ। চিৎকারে স্থানীয় বাসিন্দারা ঘটনাস্থলে এলে অভিযুক্তরা পালিয়ে যায়। এরপর রক্তাক্ত অবস্থায় তাঁদের উদ্ধার করে প্রথমে ক্যানিং মহকুমা হাসপাতালে ভর্তি করেন স্থানীয় বাসিন্দারা। পরে কলকাতার চিত্তরঞ্জন হাসপাতাে স্থানান্তরিত করা হয়। এদিকে সোমবার ভোট চলাকালীন বাসন্তীর নির্দেশখালিতে সংঘর্ষের জেরে আহত হয়েছিলেন বেশ কয়েকজন তৃণমূল কর্মী। তাঁদের দেখতে হাসপাতালে যাচ্ছিলেন দলীয় কর্মীরা। সেই সময় তাঁদের অটো থেকে নামিয়ে বেধড়ক মারধর হয় বলে অভিযোগ। এরপর আহত অবস্থায় তাঁদের ক্যানিং মহকুমা হাসপাতালে ভর্তি করা হয়। এলাকায় পুলিশ মোতায়েন করা হয়েছে।

হাবড়া দুই তৃণমূল কর্মীকে পিটিয়ে খুন করার অভিযোগে গ্রেফতার সিপিএম ও বিজেপির দুই জন

নিজস্ব সংবাদদাতা, হাবড়া: হাবড়ার যশুরে সোমবারের রাজনৈতিক সংঘর্ষের ঘটনায় মৃত্যু হল আরও একজনের। মঙ্গলবার সকালে বারাসত স্টেট জেনেরাল হাসপাতালে মারা যান তৃণমূল কর্মী সুশীল দাস। সংঘর্ষের পর সোমবার রাতেই মারা যান তৃণমূলকর্মী উজ্জ্বল সুর। মঙ্গলবার সকাল সাড়ে সাতটা নাগাদ মৃত্যু হয় সুশীল দাসের।

সোমবার বিকেলে হাবড়ার যশুরের ১০০/৩৩ নম্বর বুথে তৃণমূল ও বিজেপির মধ্যে ব্যাপক সংঘর্ষ হয়। অভিযোগ, ভোটপর্বের শেষদিকে ওই বুথে ঢুকে ছাপ্পা দেওয়ার চেষ্টা করে তৃণমূল আশ্রিত দুষ্কৃতীরা। সেই দলে ছিলেন সুশীল দাসও। ছাপ্পা আটকাতে বেশ কয়েকজন তৃণমূলকর্মীকে রাস্তায় ফেলে বাঁশপেটা করে একদল লোক। প্রায় ১০জনকে কলকাতা ও উত্তর ২৪ পরগনার বিভিন্ন হাসপাতালে ভর্তি করা হয়। এদের মধ্যে বারাসত হাসপাতালে চিকিৎসাধীন সনৎ দাসের অবস্থা আশঙ্কাজনক। স্থানীয় তৃণমূল নেতৃত্ব অবশ্য জানিয়েছে, তাদের দলের কেউ বুথে অশান্তি করতে যায়নি। ছাপ্পা ভোটের প্রশ্নও ওঠে না। উদ্দেশপ্রণোদিতভাবে বিজেপির লোকজন তাদের কর্মীদের উপর হামলা করে। মাথা ফাটে একাধিক জনের। গুরুতর আহত হন কয়েকজন। যদিও বিজেপির তরফে হামলার অভিযোগ অস্বীকার করা হয়েছে। তাদের বক্তব্য, এই হামলার সঙ্গে তাদের কেউ জড়িত নয়। ছাপ্পা ভোট করতে গেছিল তৃণমূলের দুষ্কৃতীরা। প্রতিরোধ গড়ে তোলে স্থানীয়রা। তারাই মারধর করে।

সোমবারের এই সংঘর্ষের পর যশুরে প্রচুর পুলিশ মোতায়েন করা হয়। চিকিৎসাধীনদের হাবড়া হাসপাতালে দেখতে রাতেই যান উত্তর ২৪ পরগনা জেলা পুলিশ সুপার অভিজিৎ ব্যানার্জি। ঘটনায় অভিযোগ দায়ের হয়েছে থানায়। সোমবার রাতেই গ্রেফতার করা হয়েছে দুই সিপিএম ও বিজেপি কর্মীকে। ধৃতেরা হলেন অনিমযে দাস ও শুভঙ্কর বোস। স্থানীয় সূত্রে জানা যায়, অনিমেষ দাস এলাকার সিপিএম কর্মী। তার বাড়ি স্থানীয় যশুর এলাকায়। আর শুভঙ্কর বোস স্থানীয় বিজেপি কর্মী বাড়ি হাওড়ার সেনবড়িয়া এলাকায়। ধৃতদের মঙ্গলবার বারাসত আদালতে তোল হয়।

এই ঘটনায় উত্তর ২৪ পরগনা জেলা তৃণমূলের সভাপতি জ্যোতিপ্রিয় মল্লিক জানান, মৃত উজ্জল ও সুশীল তৃণমূলের কর্মী। সিপিএম এবং বিজেপির লোকজন পরিকল্পনা করেই পিটিয়ে খুন করেছে তাদের। অন্যদিকে বিজেপি নেতৃত্ব এই ঘটনা তৃণমূলের আভ্যন্তরীন কোন্দলের জের বলে দাবি করেছে।

জোড়া খুনের মামলায় তদন্ত শুরু

নিজস্ব সংবাদদাতা, কাকদ্বীপ : বুধাখালি গ্রামের জোড়া খুনে পুলিশি তদন্তের প্রথম ধাপের কাজ শুরু হল। মঙ্গলবার ফরেন্সিক বিশেষজ্ঞদের একটি দল মৃত দেবপ্রসাদ দাসের বাড়িতে হাজির হন। সঙ্গে ছিলেন কাকদ্বীপের এসডিপিও বিক্রম দস্তিদার এবং কাকদ্বীপ থানার ভারপ্রাপ্ত আধিকারিক সুদীপ সিং। ফরেন্সিক বিশেষজ্ঞ দলের দ্বায়িত্ব প্রাপ্ত আধিকারিক ডঃ দেবাশিস সাহা মৃত প্রসাদ দাস এবং স্ত্রী মৃত ঊষা দাসের দেহ যেখানে পড়েছিল এবং তারা যে ঘরে বসবাস করত সেগুলি ঘুরে দেখেন এবং বেশকিছু নমুনা সংগ্রহ করেন। এই দলটি যখন কাজ করছিলেন তখন ঘরে বিদ্যুৎ সংযোগ থাকায় সেই সংযোগ বিচ্ছিন্ন করতে হয়। ডঃ সাহা সংবাদ মাধ্যমের প্রশ্নের উত্তরে বলেন ল্যাবরেটারিতে নমুনাগুলি পরীক্ষা না করে কিছু বলা যাবে না। অপরদিকে এলাকার মানুষ এই জোড়া খুনের রহস্য দ্রুত উদ্‌ঘাটন হোক প্রশাসনের কাছে তাঁরা এই দাবি করছেন।

চন্দননগরে সঙ্গীতানুষ্ঠান

নিজস্ব সংবাদদাতা : বৈদ্যবাটীর 'হৃদয়নন্দন' সাংস্কৃতিক সংস্থা ও শান্তিনিকেতনের 'মাধুরী'র যৌথ উদ্যোগ্যে ১২ মে সন্ধ্যায় চন্দননগর রবীন্দ্র ভবনে কবিগুরুর প্রতি জন্মদিনে লেখা নির্বাচিত গান নিয়ে' একটুকরো শান্তিনিকেতন শীর্ষক এক সঙ্গীতানুষ্ঠান হয়ে গেল। অনুষ্ঠানের উদ্বোধন করেন চন্দননগরের মেয়র রামচক্রবর্তী ও বিশেষ অতিথি ছিলেন আন্তর্জাতিক মানের কোলাজ শিল্পী তপনসাহা।

অনুষ্ঠানে সঙ্গীত পরিবেশন করেন বিশ্বভারতীর সঙ্গীত ভবনের বিভাগীয় প্রধান ডঃ স্বস্তিকা মুখোপাধ্যায়, সঙ্গিত ভবনের এইডি রিসার্চ স্কলার শতরূপা সাধুখাঁ সহ অন্যান শিল্পীরা। সমগ্র অনুষ্ঠানটি সঞ্চালনা করেন তপেশবসু।

কুলতলিতে খুন তৃণমূল কর্মী

নিজস্ব সংবাদদাতা, কুলতলি : ভোটের পরেও সন্ত্রাস অব্যাহত। সোমবার দক্ষিণ ২৪ পরগনার কুলতলি থানার চুপড়িঝাড়া গ্রাম পঞ্চায়েতের রানিরধল এলাকায় ভোটের পর পিটিয়ে খুন করা হয় এক যুবককে। মৃতের নাম সুবিদ আলি (২৩)। এলাকার তৃণমূল কর্মী হিসেবে পরিচিত। অভিযোগ, এসএউসিআই, বিজেপি ও সিপিএমের আশ্রিত দুষ্কৃতীরা খুন করেছে।

সন্ধ্যাবেলায় বাড়ির কাছেই মারধর করা হয় সুবিদকে। রাস্তায় ফেলে বাঁশ, লাঠি দিয়ে বেধড়ক পেটানো হয়। ঘটনাস্থলে লুটিয়ে পড়ে সে। রাত বারোটা নাগাদ মৃতদেহ সেখান থেকে উদ্ধার করে কুলতলি থানার পুলিশ। নিয়ে আসা হয় জামতলা ব্লক স্বাস্থ্যকেন্দ্রে। সেখানকার চিকিৎসকরা তাঁকে মৃত বলে ঘোষণা করেন। ঘটনায় কুলতলি থানায় খুনের অভিযোগ দায়ের করেছে নিহতের পরিবার। খুনের ঘটনার পর থেকে এলাকা থমথমে।

মৃতের কাকার অভিযোগ, সন্ধ্যাবেলা সিপিএম, বিজেপি, ও এসইউসিআই-এর স্থানীয় কর্মীদের একাংশ সুবিদের উপর হামলা চালায়। বাড়ির অনতিদূরে তাকে মারধর করা হয়। তৃণমূল কর্মীদের বেশ কয়েকটি বাইক জ্বালিয়ে দেওয়া হয়। মারধর করা হয় আরও কয়েকজনকে। খুন ও তাণ্ডবের পর এলাকা ছেড়ে পালায় দুষ্কৃতীরা।

PUBLIC NOTICE

This is to notify all concerned that, on behalf of my client, Aadhar Housing Finance Ltd, having its Branch office at Center Point, Room No. 231, Second Floor, Dalhousie, 21, Hemanta Basu Sarani, Kolkatta - 700 001, I hereby give Notice that one customer Durgapada Senapati, s/oLate.Dukhiram Senapati, resident of Mahisamura,Tilaboni, Ps-Keshiary, Paschimmedinipur has applied for taking Mortgage loan for Rs.9 Lakhs at the property being ALL THAT piece and parcel of land measuring about 7 th Decimals, comprised in Mouza - Mahismura, J.L. No. 41, L.R. Khatian No.635/1, L.R.Plot No.617, P.S. Keshairy, District :Paschimmedinipur which is butted and bounded as On the North : Rasta, On the South : vacant Land, On the East: Kashinath Murmu,On the West: Digambar Senapati.

WHEREAS At all material point of times and for all intents and purposes one Sri Durgapada Senapati was the sole and absolute recorded owner of ALL THAT land measuring about 7th Decimal, comprised in Mouza — Mahismura, J.L. No. 41, L.R. Khatian No. 635/1,L.R.Plot No.617, P.S. Keshairy, District :Paschimmedinipur

AND WHEREAS In pursuance of a Deed of Gift dated 13-01-2016 said Smt. Tarulata Senapati gifted, conveyed, transferred, assigned and assured ALL THAT land measuring about 6+1=7th Decimal, of Your Share Recorded (L.R. Plot no-617,618) property in favour of Mr Durgapada Senapati and the said Deed was duly registered in the office of A.D.S.R. Kharagpur and recorded in Book No. I, Volume No. 1010-2016, Pages 5541 to 5558, being No. 101000240 for the year 2016.

AND WHEREAS Said Sri Durgapada Senapati while seized, possessed and otherwise well and sufficiently entitled to and enjoyed the said property as sole and absolute owner duly mutated his name in the record of B.L. & L.R.O. in respect of J.L.No.41, L.R. Khatian No. 635/1, under L.R.Plot No. 617 and paid Khazna thereon upto the Bengali year 1424. Natural of Land Bastu.

Now said Sri Durgapada Senapati declared that there is no such registered Deed for last 13 years title chain, hence the Notice.

If any concern, Bank or person having any claim, objection related to the above transaction and mortgage of said property with Aadhar Housing Finance Ltd., he/she may kindly contact me within 7 days from the date of publication of this advertisement in the below mentioned address failing which no claim will be entertained later and AHFL will disburse the loan to proposed customer.

Goutam Kumar Das
Advocates
At: Hansphukur, Medinipur
West Bengal-721101
Ph.: 9434196125

PUBLIC NOTICE

This is to notify all concerned that, on behalf of my client, Aadhar Housing Finance Ltd, having its Branch office at Center Point, Room No.231, Second Floor, Dalhousie, 21, Hemanta Basu Sarani, Kolkatta- 700 001,I hereby give Notice that one customer Binoy Patra, s/o Gobinda Patra, resident of Chakmakrampur, Kharagpur(L), Paschimmedinipur has applied for taking Home loan for Rs.5 Lakhs at the property being ALL THAT piece and parcel of land measuring about 5.70 Decimals, comprised in Mouza - Chakmakrampur, J.L. No. 394, appertaining to L.R. Khatian No. 266/4, R.S Plot no.395,400,396,407,L.R.Plot No.427,430,431 & 439, P.S. Kharagpur(L), District :Paschimmedinipur which is butted and bounded as On the North : Rakhal Patra, On the South : Bhutnath Dey, On the East: By property of Anadi Patra,. 5627; On the West: Ramapada Ghosh.

WHEREAS At all material point of times and for all intents and purposes one Sri Binoy Patra was the sole and absolute recorded owner of ALL THAT land measuring about 5.70 Decimal, comprised in Mouza -Chakmakrampur, J.L. No. 394, appertaining to L.R. Khatian No. 266/4, R.S Plot no.395,400,396,407,L.R.Plot No.427,430,431 & 439, P.S. Kharagpur(L), District :Paschimmedinipur

AND WHEREAS In pursuance of a Deed of Gift dated 21-03-2018 said Sri Gobinda Patra gifted, conveyed, transferred, assigned and assured ALL THAT land measuring about 5.70 Decimal, of Father Recorded(L.R. Plot no-431) property in favour of Mr Binoy Patra and the said Deed was duly registered in the office of A.D.S.R. Kharagpur and recorded in Book No. I, Volume No. 1010-2018, Pages 43873 to 43893, being No. 02195 for the year 2018.

AND WHEREAS Said Sri Binoy Patra while seized, possessed and otherwise well and sufficiently entitled to and enjoyed the said property as sole and absolute owner duly mutated his name in the record of B.L. & L.R.O. in respect of L.R. Khatian No. 6461, under L.R. Dag No. 5627 and paid Khazna thereon upto the Bengali year 1424. Natural of Land Bastu.

Now said Sri Binoy Patra declared that there is no such registered Deed for last 13 years title chain, hence the Notice.

If any concern, Bank or person having any claim, objection related to the above transaction and mortgage of said property with Aadhar Housing Finance Ltd., he/she may kindly contact me within 7 days from the date of publication of this advertisement in the below mentioned address failing which no claim will be entertained later and AHFL will disburse the loan to proposed customer.

Goutam Kumar Das
Advocates
At: Hansphukur, Medinipur
West Bengal-721101
Ph.: 9434196125

Form No. I N C-26
[Pursuant to rule 30 the Companies (Incorporation) Rules,2014]
BEFORE THE CENTRAL GOVERNMENT, REGIONAL DIRECTOR, EASTERN REGION, MINISTRY OF CORPORATE AFFAIRS, KOLKATA

In the matter of sub-section (4) of Section 13 of Companies Act, 2013 and clause (a) of sub-rule (5) of rule 30 of the Companies (Incorporation) Rules, 2014
AND
In the matters of **Ridhi Sidhi Management Private Limited (CIN: U74140WB2007PTC118182)** having its registered office at 15 Abhoy Guha Road Liluah Howrah 711 204,
Petitioner

Notice is hereby given to the General Public that the company proposes to make application to the Central Government (Regional Director, Eastern Region, Ministry of Corporate Affairs, Kolkata) under section 13(4) of the Companies Act, 2013 seeking confirmation of alteration of the Memorandum of Association of the Company in terms of the special resolution passed at the **Extra ordinary general meeting** held on **16th Day of April 2018** to enable the company to change its Registered Office from **"State of West Bengal" to the "State of Chhattisgarh".**

Any person whose interest is likely to be affected by the proposed change of the registered office of the company may deliver **either on the MCA-21 portal (www.mca.gov.in) by filing investor complaint form** or cause to be delivered or send by registered post of his/her objections supported by an affidavit stating the nature of his/her interest and grounds of opposition to the **Regional Director, Eastern Region, Ministry of Corporate Affairs, 234/4, A.J.C. Bose Road, Nizam Palace, II-MSO Building, 3rd Floor, Kolkata - 700 020** within fourteen days of the date of publication of this notice with a copy to the applicant company at its registered office at the address mentioned below:

For and on behalf of the Applicant
Ridhi Sidhi Management Private Limited
Ritesh Kumar Agarwal
Director
DIN : 02674258
Date : 11.05.2018
Place : Kolkata

রিতমন ইনফ্রা লিমিটেড

রিতমন হাউস, ১৪ সৈয়দ আমির আলি এভিনিউ, কলকাতা-৭০০০১৭
CIN-L70109WB1981PLC033662
Ph: 033 4000 1899, Email : info@ritman.co.in

৩০ জুন, ২০১৭ সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণ

(লক্ষ টাকায়)

ক্রম সংখ্যা	বিবরণ	একক					একত্রিত	
		সমাপ্ত তিন মাস			সমাপ্ত বছর		সমাপ্ত বছর	
		৩১.০৩.১৮ অনিরীক্ষিত	৩১.১২.১৭ অনিরীক্ষিত	৩১.০৩.১৭ নিরীক্ষিত	৩১.০৩.১৮ নিরীক্ষিত	৩১.০৩.১৭ নিরীক্ষিত	৩১.০৩.১৮ নিরীক্ষিত	৩১.০৩.১৭ নিরীক্ষিত
১.	মোট আয় কাজের থেকে	১৬,১৪৫,৭৬৬	১,০৮৪,৭৩৯	৯,৪৭৩,৩৩২	২২,৩৭৮,৯৯০	১১,১১৪,২২৯	২২,৩৮৩,৪৭২	১০,৯৯৫,৬০৯
২.	লাভের পূর্বে সুদ, অবচয়, ব্যতিক্রমী বিষয় এবং কর	৫,৮২০,৬৫৯	(১,৪০৩,৮২৯)	৬,৩৮৭,৬০৪	৪,০০৯,০৯৬	২,২২৬,৪০৩	৪,০১৩,৫৭৮	১,৬১০,৪৫৪
৩.	নিট লাভ সাধারণ বিষয়ে করের আগে ব্যতিক্রমী বিষয় অথবা ব্যতিক্রমী বিষয়	৫,৩০৭,৫৫৯	(১,৯০২,৩৪২)	৫,৮২২,৭৯৬	২,১২৭,৩৪৫	৪৭,৩১৭	২,১৩১,৮২৭	(৫৬৮,৬৩২)
৪.	নিট লাভ সাধারণ বিষয়ে করের আগে ব্যতিক্রমী বিষয় অথবা ব্যতিক্রমী বিষয়	৫,৩০৭,৫৫৯	(১,৯০২,৩৪২)	৫,৮২২,৭৯৬	২,১২৭,৩৪৫	৪৭,৩১৭	২,১৩১,৮২৭	(৫৬৮,৬৩২)
৫.	নিট লাভ সাধারণ বিষয়ে করের পরে ব্যতিক্রমী বিষয় অথবা ব্যতিক্রমী বিষয়	৪,৯৬৩,৬১৭	(১,৯০২,৩৪২)	৫,৫৩২,৯৮৯	১,৭৮৩,৪০৩	(২৪২,৪৯০)	১,৭৮৭,৮৮৫	(৮৫৮,৪৩৯)
৬.	অন্যান্য তুলনীয় আয়	৬২,৬২০	-	২২,৬৪৬	৬২,৬২০	২২,৬৪৬	৬২,৬২০	২২,৬৪৬
৭.	বিশেষভাবে লক্ষণীয় :- কোম্পানির অনিয়ন্ত্রিত শেয়ার হোল্ডারদের সুদ	৫,০২৬,২৩৭	(১,৯০২,৩৪২)	৫,৫৫৫,৬৩৫	১,৮৪৬,০২৩	(২১৯,৮৪৪)	১,৮৫০,৫০৫	(৮৩১৪৮৭)
	অনিয়ন্ত্রিত সুদ	-	-	-	-	-	-	(৪,৩০৬)
৮.	অন্যান্য তুলনীয় আয় সময়কালীন থেকে	৫,০২৬,২৩৭	(১,৯০২,৩৪২)	৫,৫৫৫,৬৩৫	১,৮৪৬,০২৩	(২১৯,৮৪৪)	১,৮৫০,৫০৫	(৮৩৫,৭৯৩)
৯.	ইক্যুইটি শেয়ার মূলধন (ফেস ভ্যালু প্রতিটি শেয়ারের মূল্য ১০ টাকা)	৩১,৯২৫,০০০	৩১,৯২৫,০০০	৩১,৯২৫,০০০	৩১,৯২৫,০০০	৩১,৯২৫,০০০	৩১,৯২৫,০০০	৩১,৯২৫,০০০
১০.	মূল এবং মিশ্র শেয়ার প্রতি আয় (ফেস ভ্যালু প্রতিটি শেয়ারের মূল্য ১০ টাকা) (বার্ষিকীকৃত নয়)							

দ্রষ্টব্য:

১.উপরিউক্ত অনিরীক্ষিত আর্থিক ফলাফলগুলি স্টক এক্সচেঞ্জে রেগুলেশন অফ ৩৩ সেবির গাইডলাইন অনুসারে (ক্ষেত্রীয় ও ব্যাখ্যামূলক বিবরণী) রেগুলেশন ২০১৫ অনুসারে দেখানো হয়েছে। পুরো ফরম্যাট অনুসারে অনিরীক্ষিত আর্থিক ফলাফলগুলি স্টক এক্সচেঞ্জের সমাপ্ত ত্রৈমাসিক ও ১২ মাসের আর্থিক ফলাফল অনুসারে স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট www.cse-india.com কোম্পানির ওয়েবসাইট www.ritman.co.in এ দেখা যাবে।

২ উপরিউক্ত আর্থিক ফলাফলগুলি পরিচালকবর্গের সভায় গৃহীত এবং ১৪ মে,২০১৮ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের ফলাফলগুলি কোম্পানির বিধিবদ্ধ নিরীক্ষক দ্বারা সংক্ষিপ্তাকারে পর্যালোচিত।

৩. উপরোক্ত আর্থিক ফলাফলগুলি প্রয়োজনানুসারে পুনঃসজ্জিত/পুনঃমুদ্রিত করা হয়েছে।

বোর্ডের আদেশানুসারে
রিতমন ইনফ্রা লিমিটেড-এর পক্ষে
স্বা/-
পরাগ মজুমদার
(ম্যানেজিং ডিরেক্টর)

স্থান: কলকাতা
তারিখ: ১৪.৫.২০১৮